১৭

দৈনিক সংবাদ

তারিখ ... 15 NOV 1994
পৃষ্ঠা ২ কলাম ৪

### নড়িয়া বালিকা বিদ্যালয়

# জীবনের ঝুঁকি নিয়ে ছাত্রীরা ক্লাস করছে ।। দুর্ঘটনার আশংকা

শরীয়তপুর, ১৪ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– দীর্ঘদিনেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংস্কারের কোন উদ্যোগ না নেয়ায় নড়িয়া বালিকা উচ্চবিদ্যালয়টি জরাজীর্ণ অবস্থায় পড়ে আছে এবং বিদ্যালয়ের মূলভবনটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় প্রয়োজনীয় সংখ্যক ভবনের অভাবে জীবনের ঝুঁকি নিয়ে ওই জরাজীর্ণ বিদ্যালয়ের ভেতরেই ক্লাস চলছে।

নড়িয়া থানা সদরে অবস্থিত নড়িয়া বালিকা উচ্চবিদ্যালয়টির মূল ভবনের সিলিংয়ের প্লাস্টার ক্রমান্বয়ে খসে পড়ছে এবং ছাদের রড মরিচা ধরে নষ্ট হয়ে গেছে। বৃষ্টির দিনে ভবনের ছাদ চুইয়ে পানি পড়ে ছাত্রীদের বইপত্র ভিজে নষ্ট হয়ে যায়।

নড়িয়া বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ দেলোয়ার হোসেন জানান, বিদ্যালয়ে ছাত্রীর সংখ্যা প্রায় ৫শ' এবং পড়াশুনার মানও ভাল তবে বিদ্যালয়টিতে ভবনের সমস্যাসহ বহু সমস্যা রয়েছে। এসব সমস্যার মধ্যে বিদ্যালয়ে সাইন্স ল্যাবরেটরি ভবন নেই, বাউন্ডারি ওয়াল নেই, কমন রুম নেই, প্রয়োজনীয় শ্রেণী কক্ষের অভাব এবং চেয়ার টেবিল ও টিউবওয়েলের সংকট বিদ্যমান।